



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী

[www.hmmghsraj.edu.bd](http://www.hmmghsraj.edu.bd)

নোটিশ : ৪৩ - ২০২৩

২৮ ডিসেম্বর ২০২৩ বৃহস্পতিবার

১. আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ রবিবার দুপুর ২.০০টার সময় প্রথম, ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বার্ষিক মূল্যায়নের ফলাফল প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট শ্রেণির শিক্ষার্থীদের নির্দিষ্ট সময়ে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে রিপোর্টকার্ড গ্রহণের জন্য বলা হলো।\*

২. আগামী ০১ জানুয়ারি ২০২৪ সোমবার ইংরেজি নববর্ষ। দিবসটি এই প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজ থেকে ১৫০ বছর পূর্বে এই দিনে আমাদের প্রিয় প্রতিষ্ঠান প্রতিষ্ঠা লাভ করে তার অগ্রযাত্রা শুরু করে। সার্বশতবর্ষে পদার্পণ একটি প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত মর্যাদার ও গৌরবের বিষয় বৈকি; তাৎপর্যপূর্ণও বটে। সার্বশতবর্ষে হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় [রাজশাহী সরকারী মাদ্রাসা] উপলক্ষে বর্ণাঢ্য অনুষ্ঠানমালা যথাসময়ে নিশ্চয় অনুষ্ঠিত হবে। তবে, আমরা ০১ জানুয়ারি ১৮৭৪ - ০১ জানুয়ারি ২০২৪ সার্বশত বছরকে স্মরণীয় করে রাখার জন্য দিবসটি উদ্‌যাপনের সূচনা করতে চাই। এজন্য ক্ষুদ্র পরিসরে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়েছে-

- প্রাত্যহিক সমাবেশ [সকাল ১০.০০টা]
- বেলুন ও ফেস্টুন এবং কবুতর উড্ডয়নের মাধ্যমে শুভসূচনা
- র্যালী
- আলোচনা অনুষ্ঠান
- মিষ্টিমুখ

৩. পহেলা জানুয়ারি ২০২৪ পাঠ্যপুস্তক দিবস। প্রথম থেকে নবম শ্রেণির সকল শিক্ষার্থীর হাতে সরকার প্রদত্ত বিনামূল্যে নতুন পাঠ্যপুস্তক তুলে দেওয়া হবে। এজন্য নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়েছে-

- পাঠ্যপুস্তক বিতরণ অনুষ্ঠান
- পাঠ্যপুস্তক বিতরণ

[পাঠ্যপুস্তক দিবস উৎসব ও সার্বশতবর্ষে হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় অনুষ্ঠান একই সাথে সমন্বয় করে অনুষ্ঠিত হবে।]

সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে বর্ণিত অনুষ্ঠান সুন্দর ও তাৎপর্যপূর্ণ হোক এই কামনা।

সবাইকে ইংরেজিবর্ষ ২০২৪ এর অগ্রীম শুভেচ্ছা।

শুভ নববর্ষ ২০২৪

২৮.১২.২০২৩

মো. মোস্তাক হাবিব  
প্রধান শিক্ষক

হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী  
০২-৫৮৮৮০০৭৬৭, ০১৩০৯১২৭০২৩

প্রচার ও কার্যার্থে-

১. সংশ্লিষ্ট সকল
২. সহকারী প্রধান শিক্ষক এবং সকল সিনিয়র ও সহকারী শিক্ষক, এই বিদ্যালয়
৩. ড. শাফিয়া আফরোজ সরওয়ার, সিনিয়র শিক্ষিকা, এই বিদ্যালয়  
[প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও অনলাইন প্রচার]
৪. অফিস সহকারী [নোটিশ খাতা ও নোটিশ বোর্ডে প্রচার]
৫. প্রথম হতে দশম শ্রেণির সকল শিক্ষার্থী
৬. সংরক্ষণ